



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/৪৭০

তারিখঃ ০২/০৮/২০১৬

## প্রেস বিজ্ঞপ্তি

৫৮১ তম কমিশন সভা অদ্য ০২/০৮/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. কমিশন অধ্যকার সভায় মেয়াদি (১০ বছর) Vanguard AML Rupali Bank Balanced Fund -এর প্রসপেক্টাস অনুমোদন করেছে। উক্ত মিউচুয়াল ফান্ডটির লক্ষ্যমাত্রা হচ্ছে ২০০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ৪০ কোটি টাকা এবং প্রি-আইপিও প্রেসমেন্ট (IPO) -এর মাধ্যমে ইতোপূর্বে ৬৫ কোটি টাকা উত্তোলন করা হয়েছে এবং অবশিষ্ট ৯৫ কোটি টাকা সকল বিনিয়োগকারীগণের জন্য বরাদ্দ রাখা হয়েছে যা পাবলিক অফার (IPO) -এর মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক যথাক্রমে Rupali Bank Limited এবং Vanguard Asset Management Limited। ফান্ডটির ট্রাস্টি ও কাস্টডিয়ান হিসেবে কাজ করবে Investment Corporation of Bangladesh (ICB)।
২. The Southeast Bank Limited এর ৫০০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, non-convertible, unlisted, fully redeemable, floating rated, subordinated bond। বন্ডটি ০৭ বছরে full redemption হবে, যা শুধুমাত্র স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, কর্পোরেট বন্ডি এবং যে কোন বিনিয়োগকারীর (any other eligible investors) মধ্যে প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, The Southeast Bank Limited এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Basel II এর শর্ত পূরণ করবে। The Southeast Bank Limited, Non-convertible Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। উক্ত বন্ডটির Mandated Lead Arranger এবং Trustee হিসাবে যথাক্রমে Standard Chartered Bank এবং Green Delta Insurance Co. Ltd. কাজ করছে।
৩. Sinha Securities Limited (DSE TREC No. 67) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :

- ক) পরিচালকদের মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/CMRRCD/2001-43/51 তাং 22/07/2010 লংঘন;
- খ) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customers' Account) এর তহবিলের ঘাটতি থাকার মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rules 8A (1) & (2) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি-১১ এবং দ্বিতীয় তফসিলের আচরণবিধি ১ এবং ৬ এর লংঘন; এবং
- গ) কোন গ্রাহকের সাথে লেনদেনের বিপরীতে পাঁচ লক্ষ টাকার অধিক নগদ জমা প্রদানের সুবিধা প্রদানের মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(cc)(i) -এর Proviso -এর বিধান লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় কমিশন, Sinha Securities Limited -কে ১০ (দশ) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

পাতা ১/১






## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

৪. বাংলাদেশে Financial Literacy -কে বিশেষ গুরুত্ব দিয়ে কমিশন বিবেচনা করেছে। উক্ত কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে ইতোমধ্যে স্টিয়ারিং ও টেকনিক্যাল কমিটি গঠিত হয়েছে।

Financial Literacy সম্পর্কিত কার্যক্রম সুসংগঠিতভাবে পরিচালনা করার লক্ষ্যে কমিশন অধ্যকার সভায় এই সংক্রান্ত একটি নতুন বিভাগ সৃষ্ণনের প্রস্তাব অনুমোদন করেছে, যা Financial Literacy Department নামে কার্যক্রম পরিচালনা করবে।

৫. কমিশন, Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2016 এর কিছু পরিমার্জন ও সংশোধন সাপেক্ষে চূড়ান্ত অনুমোদন প্রদান করেছে। যা বাংলাদেশ গেজেটে শীঘ্রই প্রকাশ করা হবে।
৬. কমিশন, ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর সংশোধনীর চূড়ান্ত অনুমোদন প্রদান করেছে। যা বাংলাদেশ গেজেটে শীঘ্রই প্রকাশ করা হবে।
৭. আজকের সভায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বাজার সৃষ্টিকারী) বিধিমালা, ২০১৬ এর খসড়াটি অনুমোদিত হয়, যা জনমত জরিপের জন্য শীঘ্রই দৈনিক পত্রিকা ও কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। এই বিধিমালার উল্লেখযোগ্য বিষয়বস্তু (main features) এতদসঙ্গে সংযুক্ত করা হ'ল।



মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক  
ও  
মুখপাত্র।